**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ২৬ আগস্ট ২০১৫, ১১ ভাদ্র ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। চীনের ৩৫ কোটি ডলার বিনিয়োগের প্রস্তাব : প্রধানমন্ত্রীর সঙ্গে চীনা বাণিজ্যমন্ত্রীর বৈঠক

২। প্রস্তাবিত সীমান্ত সড়ক ৪ লেনে উন্নীত করার নির্দেশ প্রধানমন্ত্রীর
: একনেকে ৫ প্রকল্প অনুমোদন

৩। পোশাক শ্রমিকদের কল্যাণে গৃহীত পদক্ষেপে জার্মানীর সন্তোষ প্রকাশ
: জার্মানীতে উচ্চপর্যায়ের সভায় বাণিজ্যমন্ত্রী

৪। ওমরাহ'র নামে মানবপাচার : ১০৪ এজেন্সিকে তলব

৫। ক্রসফায়ারে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা : আইনমন্ত্রী

৬। অর্থ আত্মসাৎ মামলায় ওরিয়েন্টাল ব্যাংকের সাত কর্মকর্তার যাবজ্জীবন

৭। গাজীপুরে নাশকতা : তারেকসহ ৩২ নেতাকর্মীর বিরুদ্ধে চার্জশীট দাখিল

৮। মিয়ানমার থেকে দেশে ফিরলেন আরো ১২৫ জন বাংলাদেশি

৯। কালশীর ক্ষতিগ্রস্তদের কেন ক্ষতিপূরণ নয় : হাইকোর্ট

১০। রাজধানীতে ডেঙ্গু রোগীর সংখ্যা বেড়েছে, তিন দিনে শনাক্ত তিন শতাধিক

১১। বাংলাদেশের গার্মেন্টসে কর্ম পরিবেশের উন্নতি হয়েছে
: বিচারবহির্ভূত হত্যাকান্ড সমর্থনযোগ্য নয় : ব্রিটিশ আন্তর্জাতিক উন্নয়ন বিষয়ক প্রতিমন্ত্রী

চলমান পাতা/২

১। চীনের ৩৫ কোটি ডলার বিনিয়োগের প্রস্তাব : প্রধানমন্ত্রীর সঙ্গে চীনা বাণিজ্যমন্ত্রীর বৈঠক

দুই দেশের পারস্পরিক স্বার্থে পণ্য বৈচিত্র্যকরণ ও রপ্তানি বৃদ্ধির জন্য বাংলাদেশের বিভিন্ন খাতে চীন ৩৫ কোটি মার্কিন ডলার বিনিয়োগ করতে চায়। চীনের সফররত বাণিজ্যমন্ত্রী গাও হুচেং গতকাল ২৫ আগস্ট মঙ্গলবার গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎকালে এ কথা বলেন। সূত্র- ইত্তেফাক (পৃ.১,ক.৭), প্রথম আলো (পৃ.২,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৫), ডেইলি সান (পৃ.১,ক.১)।

২। প্রস্তাবিত সীমান্ত সড়ক ৪ লেনে উন্নীত করার নির্দেশ প্রধানমন্ত্রীর : একনেকে ৫ প্রকল্প অনুমোদন

মিয়ানমার, চীন ও থাইল্যান্ডের সঙ্গে সড়ক যোগাযোগ প্রতিষ্ঠা করতে প্রস্তাবিত সীমান্ত সড়ক চার লেনে .উন্নীত করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ২৫ আগস্ট মঙ্গলবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে রাজধানীর এনইসি সম্মেলন কেন্দ্রে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) বৈঠকে প্রকল্পটির অনুমোদন দেওয়া হয়। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৬), নিউজ টুডে (শেষ পৃ.,ক.২), সমকাল (শেষ পৃ.,ক.৫),ডেইলি স্টার (পৃ.১,ক.২), ।

৩। পোশাক শ্রমিকদের কল্যাণে গৃহীত পদক্ষেপে জার্মানীর সন্তোষ প্রকাশ
: জার্মানীতে উচ্চপর্যায়ের সভায় বাণিজ্যমন্ত্রী

বাংলাদেশের তৈরি পোশাক শিল্পে নিয়োজিত শ্রমিকদের কল্যাণে গৃহীত পদক্ষেপে জার্মানী সন্তোষ প্রকাশ করেছে। সেইসাথে শিল্প কারখানায় যে কোনো ধরনের দুর্ঘটনায় জার্মান সোশ্যাল এক্সিডেন্ট ইন্স্যুরেন্স বাংলাদেশকে প্রয়োজনীয় সহযোগিতা দেওয়ার কথা জানিয়েছেন। গতকাল ২৫ আগস্ট মঙ্গলবার জার্মানীর বার্লিনে অনুষ্ঠিত দি ফেডারেল মিনিস্ট্রি অফ ইকোনমিক কো-অপারেশন এন্ড ডেভলপমেন্ট এবং জার্মান সোশ্যাল এক্সিডেন্ট ইন্স্যুরেন্স-এর যৌথ উদ্যোগে আয়োজিত তৈরি পোশাকের প্রডাকশন চেইনের কমপ্লায়েন্স প্রতিপালনের বিষয়ে উচ্চ পর্যায়ের চারদিনের সভায় আলোচকরা এ আগ্রহের কথা জানান। সভায় বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেন, বাংলাদেশে অপ্রত্যাশিত রানা প্লাজা দুর্ঘটনা সরকার সফলভাবে মোকাবিলা করেছে। এ দুর্ঘটনায় প্রয়োজনীয় কার্যকর পদক্ষেপ গ্রহণের ফলে আর কোনো শিল্পে দুর্ঘটনা ঘটেনি।সূত্র- ইত্তেফাক (পৃ.১৮,ক.৬), যুগান্তর (পৃ.৭,ক.৪), সংবাদ (শেষ পৃ.,ক.৩), ডেইলি সান (পৃ.৩,ক.২), নিউজ টুডে (শেষ পৃ.,ক.১)।

৪। ওমরাহ'র নামে মানবপাচার : ১০৪ এজেন্সিকে তলব

ওমরাহ'র নামে মানবপাচারের অভিযোগে ১০৪ হজ এজেন্সিকে তলব করেছে সরকার। ওমরাহ পালন শেষে ওই সব এজেন্সির মাধ্যমে সৌদি আরবে যাওয়া লোকেরা দেশে ফিরে এসেছেন এমন তথ্য-প্রমাণ হাজির করতেই তাদের তলব করা হয়েছে। সঠিক তথ্য-প্রমাণ দিতে না পারলে মানবপাচারের অভিযোগে সংশ্লিষ্টদের বিচারের মুখোমুখি হতে হবে। এমন কর্মকৌশল ঠিক করে এগুচ্ছে ওমরাহ'র নামে মানবপাচারের ঘটনা তদন্তে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটি। ওমরাহ'র নামে মানবপাচারের ঘটনা খতিয়ে দেখতে গত ২৪ আগস্ট সোমবার প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশে ধর্ম মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) মো. শহিদুজ্জামানকে প্রধান করে ৫ সদস্যের এ তদন্ত কমিটি গঠন করা হয়েছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.১), সমকাল (পৃ.১৯,ক.৬), যায়যায়দিন (পৃ.১৫,ক.৪)।

৫। ক্রসফায়ারে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা : আইনমন্ত্রী

ক্রসফায়ারে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে জানিয়ে আইন বিচার ও সংসদবিষয়কমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক বলেছেন, র‌্যাবের কোনো সদস্য আইন লংঘন করে অপরাধ করলে ব্যক্তিপর্যায়ে তার বিচার হবে। এনকাউন্টার ও ক্রসফায়ার দুটি আলাদা বিষয়। ক্রসফায়ারের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে। গতকাল ২৫ আগস্ট মঙ্গলবার বাংলাদেশে সফররত ব্রিটেনের উন্নয়নবিষয়ক প্রতিমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ শেষে সচিবালয়ে নিজ দফতরে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। সূত্র- যুগান্তর (পৃ.১৯,ক.১), যায়যায়দিন (পৃ.৩,ক.৭), বাংলাদেশ টুডে (পৃ.১,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২)।

৬। অর্থ আত্মসাৎ মামলায় ওরিয়েন্টাল ব্যাংকের সাত কর্মকর্তার যাবজ্জীবন

এক কোটি টাকা অর্থ আত্মসাতের মামলায় ওরিয়েন্টাল ব্যাংকের উচ্চপদস্থ সাত কর্মকর্তাকে যাবজ্জীবন কারাদন্ড দিয়েছেন আদালত। একই সাথে ওই সাত কর্মকর্তাকে এক কোটি টাকা জরিমানাও করা হয়েছে। ঢাকার বিশেষ জজ-৫ আদালতের বিচারক ড. মো. আক্তারুজ্জামান গতকাল ২৫ আগস্ট মঙ্গলবার এ আদেশ দেন। সূত্র- যুগান্তর ( শেষ পৃ.,ক.১), সংবাদ (পৃ.১,ক.৫), সমকাল (পৃ.৩,ক.৫), ডেইলি সান (পৃ.১,ক.৫), নিউজ টুডে (পৃ.১,ক.৮)। ইন্ডিপেনডেন্ট, ফিনানশিয়াল এক্সপ্রেস এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৭। গাজীপুরে নাশকতা : তারেকসহ ৩২ নেতাকর্মীর বিরুদ্ধে চার্জশীট দাখিল

গাজীপুরে গাড়িতে পেট্রোলবোমা নিক্ষেপ ও ভাংচুরের নাশকতার বিশেষ ক্ষমতা আইনের মামলায় বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করেছে পুলিশ। অভিযোগপত্রে তারেক রহমানের ব্যক্তিগত সহকারী লুৎফর রহমান বাদল ও গাজীপুর সিটি মেয়র অধ্যাপক এমএ মান্নানের ছেলে মঞ্জুরুল আহসান রনিসহ ৩২ জনকে অভিযুক্ত করা হয়েছে। গতকাল ২৫ আগস্ট মঙ্গলবার গাজীপুর পুলিশ সুপারের কার্যালয়ে

এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়। সূত্র- জনকণ্ঠ (পৃ.১,ক.৮), সংবাদ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.৫), অবজারভার (পৃ.১,ক.৫)।

৮। মিয়ানমার থেকে দেশে ফিরলেন আরো ১২৫ জন বাংলাদেশি

সাগরে ভাসমান অবস্থায় মিয়ানমারের জলসীমা থেকে উদ্ধার হওয়া অভিবাসী প্রত্যাশীদের মধ্যে পঞ্চম দফায় আরো ১২৫ বাংলাদেশিকে ফিরিয়ে আনা হয়েছে। মিয়ানমারে ৩ মাস বন্দি থাকার পর ১২৫ বাংলাদেশিকে কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্রে এনে রাখা হয়েছে। গতকাল ২৫ আগস্ট মঙ্গলবার বিকাল সোয়া ৩টায় ৪টি বাসযোগে তাদের ঘুমধুম সীমান্ত থেকে নিয়ে আসে পুলিশ। এ সময় তাদের সঙ্গে মেডিকেল টিম, আইওএমর প্রতিনিধিদল ও রেড ক্রিসেন্টের কক্সবাজার ইউনিটের সদস্যরা উপস্থিত ছিলেন। সূত্র-যায়যায়দিন (শেষ পৃ.,ক.৮), প্রথম আলো (পৃ.৩,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.৫), ডেইলি স্টার (পৃ.২,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.৮)।

৯। কালশীর ক্ষতিগ্রস্তদের কেন ক্ষতিপূরণ নয় : হাইকোর্ট

গত বছরের শবে বরাতের আগের দিন রাতে মিরপুরের বিহারি ক্যাম্প কালশীতে আটকে পড়া পাকিস্তানিদের ক্যাম্পে সংঘর্ষ ও অগ্নিসংযোগের ঘটনায় নিহত নয়জনের পরিবারের সদস্য ও আহত ফারজানাসহ ক্ষতিগ্রস্তদের কেন ক্ষতিপূরণ দেওয়া হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছে হাইকোর্ট। ওই ক্যাম্পের সদস্য শহীদ আলী বাবলুসহ দুই উর্দুভাষীর করা এক রিট আবেদনের শুনানি করে বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি আবু তাহের মো. সাইফুর রহমানের হাইকোর্ট বেঞ্চ গতকাল ২৫ আগস্ট মঙ্গলবার এ আদেশ দেয়। সূত্র-যায়যায়দিন (পৃ.৩,ক.২), ইনকিলাব (পৃ.১,ক.৫), ইত্তেফাক (পৃ.৩,ক.৪)।

১০। রাজধানীতে ডেঙ্গু রোগীর সংখ্যা বেড়েছে, তিন দিনে শনাক্ত তিন শতাধিক

রাজধানীতে গত তিন দিনে শনাক্ত হয়েছে তিন শতাধিক ডেঙ্গু রোগী। চলতি মাসে রেকর্ড সংখ্যক ৫২৬ জন ডেঙ্গু রোগী শনাক্ত হয়েছে। একদিনে গড়ে আক্রান্ত হয়েছে ২১ জন করে। এর মধ্যে গত ২২ থেকে ২৫ আগস্ট পর্যন্ত তিন দিনেই আক্রান্ত হয়েছে ৩২০ জন। গত দশ বছরেও এমন ঘটনা ঘটেনি বলে জানিয়েছেন বিশেষজ্ঞরা। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২)

১১। বাংলাদেশের গার্মেন্টসে কর্ম পরিবেশের উন্নতি হয়েছে : বিচারবহির্ভূত হত্যাকান্ড সমর্থনযোগ্য নয় : ব্রিটিশ আন্তর্জাতিক উন্নয়ন বিষয়ক প্রতিমন্ত্রী

কোনো গণতান্ত্রিক দেশে বিচারবহির্ভূত হত্যাকাণ্ড সমর্থনযোগ্য নয় বলে মনে করে যুক্তরাজ্য। এছাড়া বাংলাদেশে পোশাক খাতের কর্মপরিবেশের উল্লেখযোগ্য উন্নতিতে সন্তোষ প্রকাশ করেছে দেশটি। ঢাকায় তিন দিনের সফর শেষে এক সংবাদ সম্মেলনে যুক্তরাজ্যের আন্তর্জাতিক উন্নয়ন বিষয়ক প্রতিমন্ত্রী ডেসমন্ড সোয়েন এ সন্তোষ প্রকাশ করেন। দেশের বন্যাদুর্গত মানুষের জন্য ব্রিটিশ সরকারের পক্ষ থেকে ৩০ লাখ পাউন্ড আর্থিক সহায়তার ঘোষণা দেন ডেসমন্ড সোয়েন। বাংলাদেশে তিন দিনের সফর শেষে গতকাল ২৫ আগস্ট মঙ্গলবার রাজধানীর ব্রিটিশ হাইকমিশনের এমিনিটিস ক্লাবে এক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের মুখোমুখি হন ব্রিটিশ উন্নয়ন প্রতিমন্ত্রী। সূত্র-জনকণ্ঠ (শেষপৃ.,ক.৭), সংবাদ (পৃ.১,ক.১), ডেইলি স্টার (পৃ.১,ক.৫)। বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

## সম্পাদকীয়

ক. প্রথম আলো : যুক্তরাষ্ট্রে বাংলাদেশি পণ্যের অগ্রাধিকারমূলক বাজার সুবিধা (জিএসপি) পুনর্বহাল নিয়ে যে বির্তক চলছে তা নিরসনে যুক্তরাষ্ট্রের সাথে যৌক্তিক পর্যায়ের আলোচনার আহ্বান জানিয়ে বহির্বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলের জন্য জিএসপি সুবিধা পুনরুদ্ধারে তৎপর হওয়ার সুপারিশ;

খ. ইত্তেফাক, যুগান্তর : পাঠ্যবই ছাপা সংক্রান্ত জটিলতায় প্রথম হতে পঞ্চম শ্রেণি পর্যন্ত প্রায় সাড়ে ১১ কোটি বই ছাপার অনিশ্চয়তায় উদ্বেগ প্রকাশ করে এ ধরনের অনভিপ্রেত ও অনিশ্চিত পরিস্থিতি রোধ করতে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ;

গ. জনকণ্ঠ, সংবাদ, যুগান্তর : আইএসসহ জঙ্গীবাদের বিরুদ্ধে প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুসলিম দেশগুলোকে ঐক্যবদ্ধ হওয়ার যে আহ্বান জানিয়েছেন তাতে একাত্মতা প্রকাশ;

ঘ. সংবাদ : অটোরিকশার ভাড়া বাড়ানোর জন্য সরকারিভাবে যে উদ্যোগ নেওয়া হয়েছে তা গণস্বার্থবিরোধী বলে উল্লেখ করে এব্যাপারে বিবেচনার সুপারিশ

ঙ. ইনকিলাব : রাজধানী ঢাকার বড় বড় হাসপাতালগুলোতে আইসিইউ, সিসিইউ'র নামে প্রতারণা, অব্যবস্থাপনা, দুর্নীতি রোধ ও সিন্ডিকেটের মুনাফা ও কমিশন বাণিজ্য বন্ধের জন্য কঠোর পদক্ষেপের দাবি;

চ. ডেইলি স্টার : ২০১৫ সালের প্রথম ৭ মাসে বিদেশে ৩ লাখ ৮ হাজার বাংলাদেশি কর্মীর মধ্যে নারী কর্মীর সংখ্যা ৫৭ হাজারের অধিক হওয়ার পরিপ্রেক্ষিতে সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাতের পর জর্ডানে নারী কর্মী পাঠানোর ব্যাপারে আরও সচেষ্ট হওয়ার আহ্বান;

ছ. ইন্ডিপেনডেন্ট : যানজটে নগরবাসীর ৮.১৫ মিলিয়ন শ্রম ঘন্টা নষ্ট হওয়ায় এ সমস্যা সমাধানে বিভিন্ন প্রজেক্ট প্রণয়ন করে তা বাস্তবায়নের সুপারিশ;

জ. ডেইলি সান : অবৈধভাবে বাঘ শিকার বন্ধে সুন্দরবনের বাঘ সুরক্ষায় বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা নেওয়ার

আহ্বান;

ঝ. নিউজ টুডে : স্বাস্থ্যের ওপর জেনেটিক্যালি মোডিফাইড (জিএম) ফুডের প্রভাব নিরুপণে সরকারি পর্যায়ে পর্যাপ্ত ল্যাবরেটরি পরীক্ষার ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ;

ঞ. ফিনানশিয়াল এক্সপ্রেস, প্রথম আলো : ভূমি অফিসে ঘুষের বিষয়ে টিআইবির রিপোর্টে যে চিত্র ফুটে উঠেছে তা সুশাসন প্রতিষ্ঠার পথে বিরাট অন্তরায় হওয়ায় এর অবসান কামনা করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত কলামে আইনের শাসন এবং আইন শৃঙ্খলা বাহিনীর প্রতি সাধারণ মানুষের আস্থা পুনরুদ্ধার ছাড়া সামাজিক-রাজনৈতিক স্থিতিশীলতা প্রতিষ্ঠা করা সম্ভব নয় বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত 'ভেজালের স্বর্গরাজ্যে মর্ত্যের মানুষের বসবাস' শিরোনামের নিবন্ধে মুসাহিদ উদ্দিন আহমদ খাদ্যপণ্যে ভেজাল মেশানোর অপসংস্কৃতিকে দেশের একটি প্রধান সমস্যা হিসেবে চিহ্নিত করে এর সমাধানে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/খোরশেদ/২০১৫/৯.০০ ঘণ্টা